গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এপিএ শাখা

আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ এর ২য় ত্রৈমাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি

কাজী মোশতাক জহির

যুগ্মসচিব

সভার তারিখ

৩০-০১-২০২৪ খ্রি.

সভার সময্

সকাল ১১:০০ টা

স্থান

মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিতি

পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্থাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আস্থান জানান। অত:পর সভাপতি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যস্চিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। যুগ্মসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ২য় দ্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিন্টেমে (NIS Online System Software) দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় দ্রৈমাসিক প্রতিবেদন যাচাই করা হয়। এতে দেখা যায় যে বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক NIS সফটওয়ারে প্রতিবেদন দাখিল করা হয়নি। এছাড়া, দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ গুণগত মানসম্পন্ন নয়। শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহকে সম্পাদনের জন্য নৈতিকতা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং নৈতিকতা কমিটির সভায় কার্যবিবরণী স্ব-স্থ দপ্তর/সংস্থার ওয়েবসাইটে পাওয়া যায়িন। শুদ্ধাচার কার্যক্রমকে অধিকতর ফলপ্রসু করার লক্ষ্যে যে সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে অফিস রয়েছে তাদের "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভাসমূহ" জেলা/উপজেলা কার্যালয়ে আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরামর্শ প্রদান করা হয়েছে মর্মে সভাপতি জানান। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) নৈতিকতা কমিটির সভায় গুণগত মানসম্পন্ন সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী স্ব-স্ব দপ্তর/সংস্থার ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করতে হবে;
- খ) যুব উন্নয়ন অধিদপ্তর ও ক্রীড়া পরিদপ্তর কর্তৃক নির্ধারিত দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও বিতরণ কার্যক্রমটি যথাসময়ে অর্জনের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- গ) সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাসময়ে সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে অর্জন প্রতিবেদন স্বয়ংসম্পূর্ণ প্রমাণকসহ দাখিল করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী মোশতাক জহির যুগ্মসচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.০৫.০০২.২৩.১০

তারিখ: ২২ মাঘ ১৪৩০

০৫ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয্):

- ১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর
- ২) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর
- ৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
- ৫) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
- ৬) সচিব, বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
- ৭) উপসচিব, এপিএ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ৮) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)

মোহাম্মদ রেজাউল করিম

যুগ্মসচিব